ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২২৩৭
খোয়াই, ৮ আগস্ট, ২০২৫

**হর ঘর তিরঙ্গা ঃ পদ্মবিল ব্লকে বাইক র‍্যালি**

৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অংশ হিসেবে গতকাল পদ্মবিল ব্লকের উদ্যোগে এক বর্ণাঢ্য বাইক র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিটি পদ্মবিল ব্লক অফিস প্রাঙ্গণ থেকে শুরু হয়ে বেলফাং পর্যন্ত যায় এবং পরবর্তীতে পুনরায় ব্লক অফিস প্রাঙ্গণে এসে সমাপ্ত হয়। উক্ত বাইক র‍্যালিতে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দেববর্মা, পদ্মবিল ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা, ভাইস চেয়ারম্যান সরজিৎ দেববর্মা, পদ্মবিল ব্লক উন্নয়ন আধিকারিক অমিত জমাতিয়া সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক ও কর্মচারিবৃন্দ। র‍্যালিটি এলাকায় দেশপ্রেম, ঐক্য এবং জাতীয় পতাকার মর্যাদার বার্তা পৌঁছে দেয়। এছাড়াও একই দিন পদ্মবিল ব্লক অফিসের সম্মুখ সড়কে রঙ্গলি অঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সেখানে বিভিন্ন দপ্তরের মহিলা কর্মচারিগণ অংশগ্রহণ করেন।

******